# লা-তাহযান [হতাশ হবেন না]

বিভাগ/অধ্যায়ঃ লা-তাহযান - অনুচ্ছেদ সূচি

রচয়িতা/সঙ্কলকঃ ড. আয়িদ আল করনী

## ১৫. আপনার গৃহই আপনার জন্য যথেষ্ট

নিঃসঙ্গতা ও নির্জনতা শব্দদ্বয় আমাদের জীবন বিধানে এক বিশেষ অর্থ বহন করে। আর তা হচ্ছে- কুকাজ ও বোকা লোকদের থেকে দূরে থাকা। যখন আপনি নিজেকে এভাবে নিঃসঙ্গ করে নিবেন তখন আপনি ধ্যান-ধারণা, চিন্তা-ভাবনা-গবেষণা ও শিক্ষা-সংস্কৃতির চারণভূমিতে বিচরণ করার অবাধ সুযোগ পাবেন।

যে সব বিষয় (কাজ-কর্ম, কথা-বার্তা, লোকজন ইত্যাদি) আপনাকে আল্লাহর আনুগত্য থেকে অমনোযোগী করে দেয়, আপনি যখন সেসব বিষয় থেকে নিজেকে বিচ্ছিন্ন (পৃথক, আলাদা) করে নেন, তখন আপনি এমন এক ঔষধ সেবন করছেন- যা নাকি হার্টের ডাক্তারগণ সর্বাপেক্ষা শক্তিশালী আরোগ্যকর বলে পেয়েছেন। যখন আপনি নিজেকে নিঃসঙ্গ করে নেন তখন আপনার ব্রেন (মস্তিস্ক) কার্যক্ষম হয় বা মাথা কাজ করতে পারে। ফলে সর্বশক্তিমান, পরম করুণাময় আল্লাহ তা'আলার প্রতি বিশ্বাস (ঈমান), তার নিকট অনুশোচনা, অনুতাপ (তওবা) ও তার স্মরণ (জিকির) বৃদ্ধি পায়।

যা হোক, কতিপয় লোকসমাগম শুধু প্রস্তাবিতই নয়, অধিকন্তু প্রয়োজনীয়ও বটে। যেমন জামায়াতে সালাত, শিক্ষার পরিবেশ-পরিমণ্ডল ও সকল পুণ্যকর্মের মজলিস। যে সব আসরে ছেলেমি ও হাল্কাপনাই বেশি সেসব আসর সম্বন্ধে সতর্ক থাকুন। এ ধরনের জনসমাগম থেকে দ্রুত সরে পড়ুন, আপনার ভুল কাজের জন্য কান্নাকাটি করুন, নিজের জিহ্বাকে সংযত করুন ও আপনার গৃহের চৌহদির মাঝেই সন্তুষ্ট থাকুন।

বোকা লোকদের সাথে মিশে আপনি আপনার মানসিক ভারসাম্যতাকে বিপদগ্রস্ত করবেন না, বাছ-বিচার না করে আপনি যে লোকদের সাথে মিশবেন তারা খুব সম্ভবত সময় নষ্ট করতে পটু, মিথ্যা কথা বলতে ও গুজব ছড়াতে সিদ্ধহস্ত এবং সমস্যা ও ক্ষতি উভয়টা বিস্তৃত করতে দক্ষ।

“যদি তারা তোমাদের সাথে বের হতো, তবে তারা বিভ্রান্তিই আরো বৃদ্ধি করত আর তোমাদের মাঝে ফিতনা সৃষ্টি করার জন্য ছুটাছুটি করত।” (৯-সূরা তাওবা: আয়াত-৪৭)

আপরার নিজের উদ্দেশ্য সাধনের জন্য নিজেকে সুরক্ষিত, দুর্ভেদ্য ও শক্তিশালী করার জন্য আমি আপনাকে উপদেশ দিচ্ছি। এ উদ্দেশ্যে আপনি নিজেকে আপনার ঘরে (জনসাধারণ থেকে) আলাদা করে রাখুন। শুধুমাত্র ভালো কথা বলা ও ভালো কাজ করার জন্যই বের হবেন। যখন আপনি এ উপদেশ মান্য করবেন তখন দেখবেন যে, আপনার আত্মা আপনার মাঝে আবার ফিরে আসবে। (নব জীবন লাভ করবেন তথা শান্তির জীবন ফিরে পাবেন। -অনুবাদক) সুতরাং, আপনার সময়ের সদ্ব্যবহার করুন এবং আপনার জীবনকে ধ্বংস হওয়া থেকে রক্ষা করুন। আপনার জিহ্বাকে গীবত (সমালোচনা) করা থেকে সংযত রাখুন, আপনার মনকে দুশ্চিন্তামুক্ত রাখুন এবং আপনার কর্ণদ্বয়কে ঈশ্বর, ধর্ম ও পবিত্র বস্তুসমূহের প্রতি অবজ্ঞাপূর্ণ কথাবার্তা হতে সংরক্ষণ (হেফাজত) করুন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=7524

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন